

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৫৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সফরে সিয়াম ভঙ্গ করার নির্দেশটি বৈধতামূলক অবশ্য পালনীয় নির্দেশ নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِالْإِفْطَارِ فِي السَّفَرِ أَمْرُ إِبَاحَةٍ لَا أَمْرُ حَتْمٍ متعرٍّ عَنْهَا

## আরবী

3559 \_ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّتَنَا ابْنُ وَهْبٍ قَالَ: فَرْ الْحَبْرِنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ أَبَى الْأَسْوَدِ عن عروة بن الزبير عن أبي مرواح: عَنْ حَمْزَةَ بْنِ عَمْرٍو الْأَسْلَمِي أَنَّهُ قَالَ: يارسول اللَّهِ أَجِدُ لِيَ قُوَّةً عَلَى الصِيّيَامِ فِي السَّفَرِ فَهَلْ عَلَيَ جُنَاحٌ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (هِيَ رُخْصَةٌ مِنَ اللَّهِ فَمَنْ أَخَذَ بِهَا فَحَسَنٌ وَمَنْ أَحَبٌ أَن يصوم فلا جناح عليه)

الراوي: حَمْزَة بْن عَمْرِو الْأَسْلَمِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3559 | خلاصة حكم المحدث: صحيح \_ ((الإرواء)) (4/ 61/926).

قَالَ أَبُو حَاتِمٍ - رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ -: سَمِعَ هَذَا الْخَبَرَ عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ وأبي مرواح عَنْ حَمْزَةَ بْن عَمْرِو وَلَفْظَاهُمَا مُخْتَلِفَانِ.

## বাংলা

৩৫৫৯. হামযা বিন আমর আল আসলামী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আমি সফরে সিয়াম রাখার ক্ষমতা রাখি, তাহলে আমার কি গোনাহ হবে?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এটা আল্লাহর পক্ষ থেকে একটা অবকাশ। কাজেই যে ব্যক্তি এটি গ্রহণ করে, সেটা ভালো। আর যে ব্যক্তি সিয়াম রাখতে চায়, তার উপর কোন দোষ নেই।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি উরওয়া বিন যুবাইর আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে এবং আবৃ মিরওয়াহর সূত্রে হামযা বিন আমর থেকে শ্রবণ করেছেন। উভয় হাদীসের শব্দের মাঝে তারতম্য



রয়েছে।"

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১২১; নাসাঈ: ৪/১৮৬-১৮৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২০২৬; তাবারানী: ২৯৮০; সুনান বাইহাকী: ৪/২৪৩; আত তায়ালিসী: ১১৭৫; মুসনাদ আহমাদ: ৩/৪৯৪; তাহাবী: ২/৬৯; আবূ দাউদ: ২৪০৩; হাকিম: ১/৪৩৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হামযাহ বিন 'আমর আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন